

# চম নন-ফিকশন বইমেলা শুরু

নিজস্ব প্রতিবেদক

২৯ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



ঢাবির ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে গতকাল নন-ফিকশন বইমেলায় উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান -আমাদের সময়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা শুরু হয়েছে। গতকাল শনিবার বেলা সাড়ে ১১টায় ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বেলুন উড়িয়ে এ বইমেলায় উদ্বোধন করেন।

UNIBOTS

টাবি উপাচার্য বলেন, ‘আমাদের সমাজে এ ধরনের উদ্যোগ দরকার। একটি বিশ্ববিদ্যালয় যদি সমাজের সঙ্গে মেলবন্ধন তৈরি করতে না পারে, তা হলে বিশ্ববিদ্যালয় তার মৌলিক উদ্দেশ্য পূরণ করতে পারে না; শুধু একটি সরকারি প্রতিষ্ঠান হিসেবেই থেকে যায়।’

উল্লেখ্য, আগামী সোমবার পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা। মেলায় প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্যছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠকরা।

বইয়ের ক্রেতাদের জন্য মেলায় প্রতিদিন থাকছে র‍্যাফল ড্রয়ের আয়োজন। র‍্যাফল ড্রয়ে বিজয়ীরা পাবেন আকর্ষণীয় সব পুরস্কার। তা ছাড়া মেলায় অংশ নেওয়া প্রকাশকদের মনোনীত বই থেকে বিচারক প্যানেল ২০২৪-এর দুটি নন-ফিকশন বই নির্বাচিত করবেন। মেলার শেষ দিন সমাপনী অনুষ্ঠানে জুরিদের নির্বাচিত দুটি বইকে ‘নন-ফিকশন গ্রন্থ সম্মাননা’ দেওয়া হবে।